অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/26/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো হাডসন স্টেটের ঐতিহাসিক পার্কের উপর দিয়ে হেঁটে যাওয়ার পথে সুজার্নার ট্রুথ মূর্তি উন্মোচনের ঘোষণা দিয়েছেন

বিলোপবাদী ও সাফ্রাজিস্টের সম্মানে স্মৃতিসৌধ নারী ভোটাধিকারের 100 তম বার্ষিকী উদযাপন করে

স্মৃতিসৌধটি নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসে অবদান রেখেছেন এমন ব্যক্তিদের আরো ভালোভাবে প্রতিনিধিত্ব করতে সহায়তা করে

এখানে ছবি রয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নারীদের ভোটাধিকারের 100 তম বার্ষিকী উপলক্ষে আলস্টার কাউন্টির হাডসন স্টেটের ঐতিহাসিক পার্কের উপর দিয়ে হেঁটে যাওয়ার পথে বিশিষ্ট বিলোপবাদী ও সাফ্রাজিস্ট সুজার্নার ট্রুথের সাত ফুটের ব্রোঞ্জের মূর্তি উন্মোচনের ঘোষণা করেছেন।

"সবার জন্য সমান অধিকারের বিষয়ে সুজার্নার ট্রুথের আবেগপ্রবণ বিশ্বাস তাকে নাগরিক অধিকার এবং নারী সমতা আন্দোলনের সংস্কারকদের জন্য একটি স্থায়ী রোল মডেল করে তুলেছে," **গভর্নর কুওমো বলেন।** "যেহেতু নিউ ইয়র্ক নারীদের ভোটাধিকারের 100 তম বার্ষিকী উদযাপন করছে, এটি ঠিক যে আমরা এই সাহসী এবং অগ্রগামী নিউ ইয়র্ক বাসীকে স্বীকৃতি দিয়েছি এবং আমরা নিউ ইয়র্ক স্টেটকে সমতা এবং সকলের অন্তর্ভুক্তির জন্য একটি বীকন হিসেবে গড়ে তোলার প্রচেষ্টা অব্যাহত রেখে তার দিকে অনুপ্রেরণার জন্য তাকিয়ে আছি।"

"হাডসন স্টেটের ঐতিহাসিক পার্কের উপর দিয়ে হেঁটে যাওয়ার পথে সুজার্নার ট্রুথ মূর্তি উন্মোচন হলো নারী ভোটাধিকারের 100 তম বার্ষিকীর অংশ হিসেবে বিলোপবাদী ও সাফ্রাজিস্টদের সম্মান করার এক উপযুক্ত উপায়," **বলেন লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল, নিউ ইয়র্ক স্টেট উওমেন্স সাফ্রেজ কমিশনের (NYS Women's Suffrage Commission) সভাপতি।** "1917 সালে নিউ ইয়র্কে প্রথম মেজর স্টেট হিসেবে ভোটাধিকার প্রদান তিন বছর পর 19 তম সংশোধনীর জন্য পথ দেখাতে সহায়তা করেছিল। কিন্তু প্রায়ই এই দশকের সংগ্রাম থেকে হারিয়ে যাওয়া হলো সুজার্নার ট্রুথ, হ্যারিয়েট টাবম্যান এবং অন্যান্যদের মতো শক্তিশালী আফ্রিকান আমেরিকান নেতাদের গল্প। এই স্মৃতিস্তম্ভটি অবশেষে নিউ ইয়র্কের সমৃদ্ধ ইতিহাসে যারা অবদান রেখেছিল তাদের প্রতিনিধিত্ব

প্রসারিত করে। আমরা নারী সমতার লড়াইয়ে অনেক উন্নতি করেছি, কিন্তু সবার জন্য সত্যিকারের সমতা এবং ন্যায়বিচার অর্জনের জন্য আমাদের আরও কাজ বাকি আছে।"

ইসাবেলা "বোমেফ্রি" বাউমফ্রি ডাচদের মধ্যে আলস্টার কাউন্টিতে জন্মগ্রহণ করেছিলেন। নিউ ইয়র্কে আইনি দাসত্ব শেষ হওয়ার এক বছর আগে তিনি দাসত্ব থেকে নিজেকে মুক্ত করেন। তার গভীরভাবে ধরে রাখা ধর্মীয় দৃষ্টিভঙ্গি অনুসরণ করে তিনি একজন ভ্রাম্যমান প্রচারক হিসেবে ভ্রমণ করেন, পদ্ধতিগত পরিবর্তনের আহ্বান জানানোর সময় বর্ণবাদ এবং নারীদের কঠোর বৈষম্যের বিষয়ে 'সত্য' কথা বলেন। নিজেকে সুজার্নার ট্রুথ নামকরণ করে, তিনি 19 শতাব্দীতে দাস প্রথা বিলুপ্তি এবং সার্বজনীন ভোটাধিকারের জন্য জাতির অন্যতম নেতৃস্থানীয় কন্ঠস্বর হয়ে ওঠেন।

ইয়ঙ্কার ভাস্কর ভিনি বাগওয়েল কর্তৃক নির্মিত, এই মূর্তিটিতে দর্শকদের এর চারপাশে হাঁটতে এবং এর পৃষ্ঠ অধ্যয়ন করতে উৎসাহিত করার জন্য টেক্সট, ব্রেইল এবং প্রতীক রয়েছে। সুজার্নারের জীবনের অভিজ্ঞতাগুলি বর্ণনা করার জন্য তার স্কার্টের ভাঁজগুলিকে একটি ক্যানভাস হিসেবে ব্যবহার করা হবে, যার মধ্যে থাকবে একটি অল্প বয়স্ক ক্রীতদাসী মায়ের চিত্র যে তার সন্তানকে সান্ত্বনা দিচ্ছে, একটি দাস বিক্রয়ের চিহ্ন, তার দাস প্রথা বিলোপকারী সমবয়সীদের চিত্র এবং নারীর ভোটাধিকার আন্দোলনের পোস্টার।

ভাস্কর্য ইনস্টলেশনের সমর্থনে, নিউ ইয়র্ক স্টেট পার্কস তাদের ওয়েবসাইটে শিক্ষামূলক বিষয়বস্তু যোগ করেছে, যার মধ্যে রয়েছে সুজার্নার ট্রুথ, ভিনি বাগওয়েলের ভাস্কর্য, নারীর ভোটাধিকার আন্দোলন এবং বর্তমান ভোটার নিবন্ধনের তথ্য। আরও জানতে দেখুন: https://parks.ny.gov/history/women/।

স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "নিউ ইয়র্ক স্টেট পার্ক হাডসন স্টেটের ঐতিহাসিক পার্কের উপর দিয়ে হেঁটে যাওয়ার পথে সুজার্নার ট্রুথ মূর্তির আবাস হিসেবে গর্বিত, যা আমাদের স্টেট এবং জাতীয় ইতিহাসের আরও সম্পূর্ণ সংস্করণ বলার জন্য আমাদের মিশনকে এগিয়ে নিয়ে যায়। সাম্য ও স্বাধীনতার জন্য লড়াইকারী অতীত ও বর্তমানের লোকদের স্বীকৃতি ও তাদের সমর্থন করার প্রতিশ্রুতি দেওয়ার জন্য গভর্নর কুওমো এবং লেফটেন্যান্ট গভর্নর হচুলকে ধন্যবাদ জানাই।"

সিনেটর জর্জ আমেডোর বলেন, "যেহেতু আমরা 19 তম সংশোধনী অনুমোদনের শততম বার্ষিকী উদযাপন করছি, এটি উপযুক্ত যে আমরা হাডসন ভ্যালির আদিবাসী সুজার্নার ট্রুথের উল্লেখযোগ্য অবদান এবং উত্তরাধিকারকে স্মরণ করছি। হাডসনের উপর দিয়ে হেঁটে যাওয়ার পথে এই বিস্ময়কর সংযোজনের জন্য আমি লেফটেন্যান্ট গভর্নর হচুলকে পাশাপাশি নিউ ইয়র্ক স্টেট পার্কসকে ধন্যবাদ জানাতে চাই।"

সিনেটর সু সেরিনো বলেন, "একজন শ্রদ্ধেয় দাস প্রথা বিলুপ্তিবাদী এবং সাফ্রাজিস্ট, সুজার্নার ট্রুথের উত্তরাধিকার হলো সবার জন্য স্থিতিশীলতা, আশা এবং স্বাধীনতা। এই চমৎকার শিল্পকর্ম এমন একজন অসাধারণ নারীর প্রতি একটি উপযুক্ত শ্রদ্ধাঞ্জলি। হাডসনের উপর দিয়ে হেঁটে যাওয়ার পথে

তার এই মূর্তি যারা অতিক্রম করবে তাদের সকলের জন্য একটি প্রস্তুত স্মারক হিসেবে কাজ করবে যে আমাদের সকলেরই প্রতিকূলতা কাটিয়ে উঠতে, আমাদের সম্প্রদায়কে ঐক্যবদ্ধ করতে এবং একটি উন্নত ও আরও ন্যায়সঙ্গত বিশ্ব গড়ে তুলতে আমাদের কাজ করার ক্ষমতা আছে।"

অ্যাসেম্বলি মেম্বার ডিডি ব্যারেট বলেন, "যেহেতু এই বছর 19 তম সংশোধনী অনুমোদনের 100 বছর পূর্তি উদযাপন করছে, আমি নিউ ইয়র্কের অন্যতম সাহসী এবং ধৈর্যশীল নেতা, একজন নারী যিনি নারীর ভোটাধিকার এবং জাতিগত সমতার জন্য লড়াই করেছেন তার উদযাপন করে গর্বিত," নিউ ইয়র্ক (NY) স্টেট লেজিসলেটিভ উইমেন্স ককাসের সভাপতি অ্যাসেম্বলি মেম্বার ডিডি ব্যারেট বলেন। "সুজার্নার ট্রুথ ছিল একজন বিলুপ্তিবাদী, নারীবাদী এবং একটি ট্রেইলব্লেজার যার কাঁধে নিউ ইয়র্কের সকল নারী দাঁড়িয়ে আছে। এই স্মৃতিস্তম্ভটি তার উত্তরাধিকারকে সম্মান করবে, আমাদের এবং ভবিষ্যৎ প্রজন্মকে স্মরণ করিয়ে দেবে যে পরিবর্তনের জন্য আমাদের কন্ঠস্বর ব্যবহার করতে হবে এবং আমরা যা বিশ্বাস করি তার জন্য দাঁড়াতে হবে।"

অ্যাসেম্বলি সদস্য জনাথন জ্যাকবসন বলেন, "হাডসনের উপর দিয়ে হেঁটে যাওয়ার পথটি হচ্ছে আলস্টার কাউন্টির সেই মহিয়সী বাসিন্দাকে চিনতে পারার একটি নিখুঁত অবস্থান, যিনি তার ভোটাধিকার এবং সকল জাতির নারীদের জন্য সমান অধিকার অর্জনের জন্য সব বাধা অতিক্রম করেছে যা ছিল 19 শতাব্দীতে একটি ভয়হীন এবং সাহসী যুদ্ধ। এটি এতই উপযুক্ত সময় যে জাতীয় নারী সমতা দিবস (National Women's Equality Day)-এ সুজার্নার ট্রুথের মূর্তিটি উৎসর্গ করা হয়েছে যখন আমরা আমাদের দেশে নারীদের ভোটাধিকার প্রদানের 19 তম সংশোধনী অনুমোদনের 100 তম বার্ষিকী উদযাপন করছি। হাডসনের ওয়াকওয়েতে মূর্তিটি থাকা মানে প্রতি বছর হাজার হাজার মানুষ এই মহান আমেরিকান মহিয়সীর দ্বারা অনুপ্রাণিত হবে।"

আলস্টার কাউন্টির নির্বাহী প্যাট্রিক রায়ান বলেন, "আলস্টার কাউন্টি সুজার্নার ট্রুথের জীবন এবং উত্তরাধিকারের স্বীকৃতি দিতে সম্মানিত। এই মূর্তিটি হাঁটার সেতুর প্রবেশদ্বারে স্থাপন করা মানে সেই মহিয়সীর প্রতি এক ধরনের উপযুক্ত শ্রদ্ধাঞ্জলি, যিনি 1826 সালে, যেখানে এই মূর্তিটি অবস্থিত সেখান থেকে মাত্র কয়েক মাইল দূরে, স্বাধীনতার জন্য তার নিজের বিখ্যাত হাঁটা শুরু করেন। তার জীবনে, ট্রুথ দ্রুত লক্ষ্য করেন যে তিনি দাসত্বের জীবন থেকে বেরিয়ে আসার সঠিক সিদ্ধান্ত নিয়েছেন। তিনি জানতেন যে তার কাজগুলো সঠিক ছিল, যদিও এটি আইন লঙ্ঘন করেছে এবং এইভাবে তিনি পালাতে অস্বীকার করে। সুজার্নার ট্রুথ আমাদের দেশের জনগনের সাথে তার অভিজ্ঞতা এবং স্বাধীনতা অনুসন্ধানের উপায় শেয়ার করেছেন এবং তার কাহিনী আজও অনেককে অনুপ্রাণিত করে যাচ্ছে। আমি গভর্নর অ্যান্ড্রু কুওমো, লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল এবং যারা আমাদের কাউন্টি, স্টেট এবং জাতির সবচেয়ে স্মরণীয় ব্যক্তিত্বদের জন্য একটি স্মৃতিস্তম্ভ নির্মাণে সাহায্য করেছেন তাদের সবাইকে ধন্যবাদ জানাতে চাই।"

পোগকিপসির মেয়র রব রোলিসন বলেন, "কি অসাধারণ উপযুক্ত এবং চমৎকার সাফল্য এবং শ্রদ্ধাঞ্জলি। সুজার্নার ট্রুথ দীর্ঘদিন ধরে একজন বিলোপকারী এবং নারী অধিকার নেতা হিসেবে স্বীকৃত - একই সাথে একজন মানবাধিকার ক্রুসেডার। আলস্টার কাউন্টিতে দাসত্ব প্রথায় জন্মগ্রহণ করেও তিনি দীর্ঘদিন ধরে হাডসন ভ্যালির জন্য একটি দৃঢ় স্মারক হিসেবে কাজ করেছেন যে

সমতা এবং ন্যায়বিচারের জন্য লড়াইয়ে সর্বত্র জিততে হবে -- এবং কিছু কিছু ক্ষেত্রে, এই লড়াই আজও চলছে। এখন যখন পর্যটক এবং এলাকার বাসিন্দারা নিয়মিতভাবে হাডসনের উপর দিয়ে হেঁটে যাবে তখন তারা এই উজ্জ্বল দৃষ্টান্তসূচক স্মৃতিস্তম্ভটি দেখতে পাবে, একজন নারীর এই মূর্তি, যিনি স্বাধীনতা, প্রত্যাশা এবং স্থিতিশীলতার প্রতীক হয়ে উঠেছেন।"

লয়েড সুপারভাইজার ফ্রেড পিজ্জুতো বলেন, "লয়েড শহর সুজার্নার ট্রুথের এই বিস্ময়কর মূর্তির কেন্দ্র হতে পেরে সম্মানিত বোধ করছে। তার জীবনের প্রথম 30 টি বছর তিনি আলস্টার কাউন্টিতে সংগ্রাম ও কষ্ট করেই কাটিয়ে দেন কিন্তু তিনি সেই কষ্টগুলো কাটিয়ে উঠতে সক্ষম হন এবং তার সক্ষমতা আজ অনেকের কাছেই একটি অনুপ্রেরণা হয়ে আছে। এটা আমাদের প্রত্যাশা যে এই সুন্দর মূর্তিটি তার সাফল্যের একটি চাক্ষুষ দৃষ্টান্ত হয়ে থাকবে এবং যারা তার জীবন এবং যেসব আফ্রিকান-আমেরিকানগণ এই কাউন্টি প্রতিষ্ঠায় সাহায্য করেছে তাদের সম্পর্কে আরো জানতে যারা আসে তাদের অনুপ্রাণিত করবে।"

শিল্পী ভিনি ব্যাগওয়েল বলেন, "নারী ভোটাধিকার এবং 19 তম সংশোধনীর 100 তম বার্ষিকীতে আমি এটিকে 'সুজার্নার ট্রুথ' এর স্থায়ী ইনস্টলেশনের মাধ্যমে চিহ্নিত করতে পেরে আনন্দিত। এই কাজটি সম্পন্ন করা আমার জন্য অনেক সম্মানের কারণ এটি এমন একটি মুহূর্ত যখন এম্পায়ার স্টেট অব নিউ ইয়র্ক (Empire State of New York) প্রতিবাদকে অগ্রগতিতে পরিণত করে। এই পাবলিক আর্টওয়ার্কটি—এমন একটি পাবলিক প্লেসে বসে আছে—যেটি আমাদের মূল্যবোধ, ন্যায়বিচার এবং সমতার জন্য লড়াই করার অঙ্গীকারে সমাজকে আলোকিত এবং ঐক্যবদ্ধ করবে।" - ভিনি বাগওয়েল, ভাস্কর

ওয়াকওয়ে ওভার দ্য হাডসন অর্গানাইজেশনের নির্বাহী পরিচালক এলিজাবেথ ওয়াল্ডস্টাইন-হার্ট বলেন, "আমরা অত্যন্ত আনন্দিত যে সুজার্নার ট্রুথের এই আইকনিক মূর্তিটি হাডসন স্টেটের ঐতিহাসিক পার্কের উপর দিয়ে হেঁটে যাওয়ার পথেই বসানো আছে," ফ্রেন্ডস অব দ্য ওয়াকওয়ের নির্বাহী পরিচালক এলিজাবেথ ওয়াল্ডস্টেইন বলেছেন। "ওয়াকওয়েটি এমন একটি জায়গা যা চিন্তা এবং প্রতিফলনকে অনুপ্রাণিত করে এবং এটি আমাদের প্রত্যাশা যে হাজার হাজার দর্শক হাডসন ভ্যালির অন্যতম সাহসী নেত্রীর সাথে পরিচিত হবে। তারা সুজার্নার ট্রুথের প্রকৃত কাহিনী জেনে চলে যাবে এবং তার জীবনের কাজকে সমর্থন করবে যেহেতু আমরা ভবিষ্যৎ প্রজন্মের জন্য আরো ন্যায়সঙ্গত এবং ন্যায্য একটি সমাজ গড়ে তুলতে একসাথে কাজ করে চলেছি।"

নিউইয়র্ক স্টেট নারী অধিকার আন্দোলনের কেন্দ্রস্থল। এটি 1848 সালে সেনেকা জলপ্রপাতে প্রথম নারী অধিকার কনভেনশন (Women's Rights Convention) আয়োজন করে, যার আয়োজক ছিলেন লুক্রেশিয়া মট এবং এলিজাবেথ ক্যাডি স্ট্যান্টন। উনসত্তর বছর পরে, 1917 সালের 6 নভেম্বর নিউ ইয়র্ক স্টেটের নারীরা ভোট দেওয়ার অধিকার অর্জন করেন। এর তিন বছর পরে, 19 তম সংশোধনীটি অনুমোদন করা হয়, যার ফলে যুক্তরাষ্ট্র জুড়ে নারীদের ভোট দেওয়ার অধিকার প্রদান করা হয়।

নিউ ইয়র্ক স্টেট উইমেনস সাফ্রেজ কমিশন (The New York State Women's Suffrage Commission) লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হচুলের সভাপতিত্বে, 2020 সালের মধ্যে নারী ভোটদান স্মরণে অনুষ্ঠান আয়োজন করা হয়, যা 19 তম সংশোধনী বাস্তবায়ন থেকে এক শতাব্দী অতিবাহিত হওয়া চিহ্নিত করবে। এই কর্মসূচী নারীর ভোটাধিকার অর্জন এবং নিউইয়র্কবাসীদের এবং নিউইয়র্ক স্টেটের কেন্দ্রীয় ভূমিকার উল্লেখযোগ্য ঘটনাগুলি উদযাপন করে এবং ভবিষ্যতের অবয়বকে আরও সুষ্ঠু এবং আরো ন্যায়সঙ্গত সমাজ নিশ্চিত করতে সহায়তা করে। আরো জানতে, দেখুন www.ny.gov/suffrage.

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন